**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 19-02-2026** **Time: 7.35 AM**

---

**বিশেষ বিশেষ খবর –**

১) নির্বাচন কমিশন, সুপ্রিম কোর্টের নির্দেশ লঙ্ঘন করছে বলে তৃণমূল কংগ্রেসের অভিযোগ খারিজ করে দিয়েছে কমিশন।

তৃণমূলের অভিযোগকে ভিত্তিহীন বলে দাবি করেছে বিজেপি।

২) এসআইআর প্রক্রিয়ায় লক্ষাধিক ভোটারের নথি এখনও আপলোড না হওয়ায়, সংশ্লিষ্ট ইআরও এবং এইআরও-দের শোকজ করার সিদ্ধান্ত নির্বাচন কমিশনের।

৩) দক্ষিণ ২৪ পরগণার নাজিরাবাদে বিধ্বংসী অগ্নিকান্ডের পর উদ্ধার দেহাংশগুলির মধ্যে এপর্যন্ত ১৮ জনের DNA ম্যাচিং সম্পন্ন হয়েছে।

৪) পাঁচ বছর পূর্ণ করলেই সিভিল সার্ভিস এক্সিকিউটিভ আধিকারিকদের এসডিএম বা এসডিও পদে পোস্টিং-এর সুযোগ সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করেছে রাজ্য সরকার।

৫) চিরাচরিত ধর্মীয় রীতি মেনে ঠাকুর শ্রী রামকৃষ্ণদেবের জন্মতিথি আজ উদযাপিত হচ্ছে।

নিরম্বু উপবাসের মধ্য দিয়ে পবিত্র রমজান মাসের সূচনা হয়েছে।

---

নির্বাচন কমিশন, সুপ্রিম কোর্টের নির্দেশ লঙ্ঘন করছে বলে তৃণমূল কংগ্রেসের অভিযোগ খারিজ করে দিয়েছে কমিশন। বিশেষ রোল অবজার্ভার সি মুরুগানকে নিয়ে, তৃণমূলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের পোস্টের জবাবে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন, মুরুগান হোয়াটসঅ্যাপে কোনো নির্দেশ দেননি। কমিশনের নিয়ম নিয়ে জিজ্ঞাসা থাকায় তার স্পষ্ট ব্যাখ্যা দিয়েছেন মাত্র। তবে তৃণমূল কংগ্রেসের অভিযোগের প্রেক্ষিতে মুরুগণের বক্তব্য জানতে চাওয়া হবে বলে জানিয়েছেন সিইও।

উল্লেখ্য, সমাজ মাধ্যমে হোয়াটসঅ্যাপ চ্যাটের বেশ কিছু স্ক্রিনশট শেয়ার করে গতকাল অভিষেক বন্দ্যোপাধ্যায় অভিযোগ করেন, সি মুরুগান, সর্বোচ্চ আদালতের নির্দেশিকা অমান্য করে, হোয়াট্‌সঅ্যাপ গ্রুপে মাইক্রো অবজ়ার্ভারদের, জন্ম শংসাপত্রের গ্রহণযোগ্যতা নিয়ে সরাসরি নির্দেশ দিচ্ছেন। স্বচ্ছতা বজায় রেখে, যথাযথ প্রক্রিয়া মেনে, সরকারি যোগাযোগ এবং নথির মাধ্যমে কাজকর্মের কথা বলা হলেও বাস্তবে সেই নীতি মানা হচ্ছে না বলে তাঁর দাবি।

এদিকে, তৃণমূলের এই অভিযোগকে ভিত্তিহীন বলে দাবি করেছেন বিজেপি নেতা অমিত মালভিয়া। সমাজমাধ্যমে এক পোস্টে তিনি লিখেছেন, দক্ষিণ ২৪ পরগনার রোল অবজ়ার্ভার সি মুরুগনের বার্তায় আপত্তিকর কিছুই নেই। রাজনৈতিকভাবে তাঁকে টার্গেট করা হচ্ছে বলেও শ্রী মালভিয়ার অভিযোগ।

এস আই আর প্রক্রিয়াকে বন্ধ করে দেওয়ার জন্যই এই ধরণের ভিত্তিহীন অভিযোগ করা হচ্ছে বলে বিজেপি নেতা কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার মন্তব্য করেছেন।

বাইট - সুকান্ত

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, চূড়ান্ত ভোটার লিস্টে কোনো অবৈধ ভোটারদের নাম থাকবে না।

বাইট - শুভেন্দু

-----------------

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন- এসআইআর প্রক্রিয়ায় লক্ষাধিক ভোটারের নথি এখনও আপলোড না হওয়ায়, তার কারণ জানতে সংশ্লিষ্ট ইআরও এবং এইআরও-দের শোকজ করার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। জানা গেছে শুনানি শেষ হওয়ার পর চারদিন কেটে গেলেও এখনো মোট ১ লক্ষ ১৪ হাজার ৭৭২ জনের নথি অনলাইনে তোলা হয়নি। নির্বাচন কমিশনের তরফে ইআরও এবং এইআরও-দের স্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছিল, কোনও আবেদন বাতিল করলে তার নির্দিষ্ট কারণ জানাতে হবে। বহু ক্ষেত্রে সেই নিয়ম মানা হয়নি বলে অভিযোগ উঠেছে। পাশাপাশি ‘ডিসপোজাল’ প্রক্রিয়াও মন্থর গতিতে চলছে। কোথাও কোথাও হঠাৎ সিস্টেম অচল হয়ে যাওয়ার সমস্যার কথাও সামনে এসেছে। এর প্রেক্ষিতেই শোকজের এই সিদ্ধান্ত বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে খবর।

-----------------

রোল অবজ়ার্ভারকে না জানিয়ে কর্মস্থল ছেড়ে যাওয়ার অভিযোগে চার ইলেক্টোরাল রোল মাইক্রো অবজার্ভার - ইআরএমও-কে শোকজ করেছে নির্বাচন কমিশন। অভিযুক্ত চারজনই সল্টলেকের ইলেকট্রনিক্স রিজিওনাল টেস্ট ল্যাবরেটরির কর্মী। প্রাথমিকভাবে তাঁদের কাছ থেকে লিখিত উত্তর চাওয়া হয়েছে। সন্তোষজনক ব্যাখ্যা না মিললে পরবর্তী

প্রশাসনিক পদক্ষেপ নেওয়া হতে পারে বলেও ইঙ্গিত মিলেছে। দায়িত্বে থাকাকালীন সংশ্লিষ্ট রোল অবজ়ার্ভারকে অবগত না করেই ওই চার কর্মী কাজের জায়গা ছেড়ে বেরিয়ে যান। SIR প্রক্রিয়ার মতো স্পর্শকাতর সময়ে এমন আচরণে প্রশাসনিক মহলে দায়িত্ববোধ ও পেশাদারিত্ব নিয়ে প্রশ্ন উঠেছে। কমিশনের একাংশের মতে, এই ধরনের ঘটনা ভবিষ্যতে নির্বাচন সংক্রান্ত কাজে শৃঙ্খলাভঙ্গের নজির তৈরি করতে পারে। তাই দ্রুত তাঁদের কাছে ব্যাখ্যা চাওয়া জরুরি বলে কমিশনের অভিমত।

-----------------

রাজ্য সরকারের বিরুদ্ধে ভুয়ো জন্ম সার্টিফিকেট ব্যবহার করে ভোটার তালিকায় নাম তোলার অভিযোগ করেছে বিজেপি। সামাজিক মাধ্যমে এক পোস্টে বিজেপি নেতা অমিত মালব্য দক্ষিণ ২৪ পরগণার মগরাহাটের বাসিন্দা এক ব্যক্তির জন্মের শংসাপত্রের ছবি পোস্ট করেছেন, সেখানে দেখা গেছে, হাফিজুর রহমান হালদার নামে ঐ ব্যক্তির জন্মের দু মাস আগেই শংসাপত্র তৈরি করা হয়েছে।

এদিকে, পূর্ব মেদিনীপুরের পাশকুরা পশ্চিম বিধানসভায় ভোটারের নথিতে গড়মিল থাকার পরেও ইআরও ছাড়পত্র দেওয়ায় এসআইআর প্রক্রিয়ার স্বচ্ছতা নিয়ে প্রশ্ন উঠেছে। এসআইআর-এর নথি খতিয়ে দেখার সময়ে পর্যবেক্ষকদের নজরে আসে রাজেশ আলি নামে ব্যক্তির বাবার নাম রয়েছে ভুবন চন্দ্র বেড়া। যদিও এর প্রমাণ হিসাবে কোনো নথি আপলোড করা হয়নি। বিষয়টি নিয়ে নির্বাচন কমিশনকে পর্যবেক্ষকরা রিপোর্ট পাঠাচ্ছেন।

-----------------

আজকের প্রসঙ্গে এবারের বিষয় বিকশিত ভারতের লক্ষ্যে সুস্থ দেশ গড়ে তুলতে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্স-এর ভূমিকা। এইমস কল্যাণীর মেডিক্যাল সুপারিনটেনডেন্ট এবং চক্ষু চিকিৎসা বিভাগের প্রধান, প্রফেসর ডঃ মহুয়া চট্টোপাধ্যায়ের সঙ্গে কথা বলেছেন কাশফির নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির শেষ পর্ব শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

-----------------

দক্ষিণ ২৪ পরগণার নরেন্দ্রপুরের নাজিরাবাদের বিধ্বংসী অগ্নিকাণ্ডে উদ্ধার দেহাংশগুলির ডিএনএ পরীক্ষার রিপোর্ট এসেছে। পুলিশ সূত্রে জানা গেছে, এখনও পর্যন্ত ১৮ জনের ডিএনএ ম্যাচিং সম্পন্ন হয়েছে। অগ্নিকাণ্ডের পর ঘটনাস্থল থেকে মোট ২৭ জনের দেহাংশ উদ্ধার করা হয়েছিল। মৃতদের পরিচয় নিশ্চিত করতে সব নমুনা পরীক্ষার জন্য পাঠানো হয়। পাশাপাশি নিখোঁজ শ্রমিকদের পরিবারের সদস্যদের ডিএনএ নমুনাও সংগ্রহ করা হয়েছিল মিলিয়ে দেখার জন্য। দীর্ঘ প্রতীক্ষার পর রিপোর্ট আসায় প্রশাসন মৃতদের পরিচয় চূড়ান্ত করার প্রক্রিয়া শুরু করেছে। বারুইপুর পুলিশ জেলার পক্ষ থেকে জানানো হয়েছে, দ্রুত সংশ্লিষ্ট পরিবারের হাতে ডিএনএ ম্যাচিংয়ের রিপোর্ট তুলে দেওয়া হবে। বাকি নমুনার পরীক্ষার কাজও চলছে বলে পুলিশ জানিয়েছে।

-----------------

রাজ্য সরকার পশ্চিমবঙ্গ সিভিল সার্ভিস এক্সিকিউটিভ আধিকারিকদের পদোন্নতি সংক্রান্ত নিয়মে গুরুত্বপূর্ণ সংশোধন এনে বিজ্ঞপ্তি জারি করেছে। কর্মী বর্গ ও প্রশাসনিক

সংস্কার দপ্তরের তরফে গতকাল এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, নির্দিষ্ট শর্ত পূরণ সাপেক্ষে ডব্লিউবিসিএস এক্সিকিউটিভ আধিকারিকদের সাব ডিভিশনাল ম্যাজিস্ট্রেট বা মহকুমা শাসক পদে নিয়োগের ক্ষেত্রে নতুন বিধান কার্যকর করা হচ্ছে। সংশোধনী অনুযায়ী কোনো ডব্লুবিসিএস এক্সিকিউটিভ আধিকারিক টানা পাঁচ বছর সন্তোষজনকভাবে কাজ করলে তাকে এসডিএম বা এসডিও পদে পোস্টিং এর জন্য বিবেচনা করা যেতে পারে। এই পাঁচ বছরের মধ্যে প্রবেশন পিরিয়ড এবং ব্লক ডেভেলপমেন্ট অফিসার বা সমমানের পদে কর্মরত থাকার সময়কালও গণ্য হবে। তবে এই পদোন্নতি সম্পূর্ণভাবে রাজ্য সরকারের প্রয়োজন এবং সংশ্লিষ্ট শূন্য পদের উপর নির্ভর করবে।

উল্লেখ্য, গত মঙ্গলবার নবান্নে মন্ত্রসভার বৈঠকে এ সংক্রান্ত একটি প্রস্তাব গৃহীত হয়।

-----------------

চিরাচরিত ধর্মীয় মর্যাদায় আজ ঠাকুর শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবের ১৯১ তম জন্মতিথি উদযাপিত হচ্ছে। বেলুড় মঠে আজ ভোরে মঙ্গল আরতি ও উষা কীর্তনের মধ্যে দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। চলছে বিশেষ পুজো পাঠ। রামকৃষ্ণ দেবের জীবনাদর্শ ও বাণী আলোচনা সহ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সকাল থেকেই সেখানে ভক্তদের ভিড়।

শ্রী রামকৃষ্ণ দেবের জন্মস্থান কামারপুকুরে আজ শুরু হয়েছে তিনদিনব্যাপী আবির্ভাব উৎসব। রামকৃষ্ণ মঠ ও মিশনের সমস্ত শাখা এবং সারদা মঠ মিশনের কেন্দ্রেও এই উপলক্ষ্যে চলছে বিশেষ পুজার্চনা।

রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোস এই উপলক্ষ্যে শ্রী রামকৃষ্ণের প্রতি শ্রদ্ধা নিবেদন করে বলেছেন, তাঁর জীবন ও আদর্শ বাংলা তথা গোটা দেশের মানুষকে অনুপ্রেরণা যোগাচ্ছে।

------------------

স্বামী বিবেকানন্দের ১৩০তম ঐতিহাসিক কলকাতা প্রত্যাবর্তন দিবসে আজ আলম বাজার রামকৃষ্ণ মঠে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। দিনটির স্মরণে প্রতিবারের মতো এবারও পূর্ব রেল, বজবজ স্টেশন থেকে শিয়ালদা পর্যন্ত একটি বিশেষ ট্রেন চালাবে। শিয়ালদা স্টেশন সংলগ্ন স্থানে এই উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সেখান থেকে স্বামীজীর প্রতিকৃতি সহ এক বর্ণাঢ্য শোভাযাত্রা তাঁর পৈত্রিক বাড়ি হয়ে মধ্য ও উত্তর কলকাতার বিভিন্ন পথ পরিক্রমা করে আলম বাজার রামকৃষ্ণ মঠে পৌঁছবে।

উল্লেখ্য, শিকাগো বিশ্ব ধর্ম সম্মেলনে স্বামীজীর ঐতিহাসিক, বক্তৃতার শেষে ১৮৯৭ সালের উনিশে ফেব্রুয়ারী বজবজ রেল স্টেশন থেকে বিশেষ ট্রেনে কলকাতা ফেরেন তিনি।

------------------

পবিত্র রমজান মাস আজ শুরু হয়েছে। ইসলাম ধর্মাবলম্বী মানুষরা আজ থেকেই নিরম্বু উপবাসের মধ্যে দিয়ে এক মাস ব্যাপি রোজা পালন শুরু করছেন। ইসলামি বর্ষপঞ্জীর নবম মাসে রমজান পালন করা হয়। রোজার উপবাস শেষ হবে ইদ উল ফিতর পালনের মাধ্যমে।

নাখোদা মসজিদের তরফ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, ১৪৪৭ হিজরির রামজানের চাঁদ গতসন্ধ্যায় দেখা গেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রমজান উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি পবিত্র এই মাসে সকলের মধ্যে ঐক্যের বন্ধন আরও সুদৃঢ় হবে বলে আশা প্রকাশ করেন। সকলের শান্তি ও সমৃদ্ধি কামনা করেছেন তিনি।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি পবিত্র রমজান উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

-----------------

রোদের তাপ আগের থেকে বৃদ্ধি পাওয়ায় বেড়েছে সর্বোচ্চ তাপমাত্রা। তবে সকালের দিকে এখনো হালকা শীতের আমেজ রয়েছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৭ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে যা ১ দশমিক ৭ ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে সামান্য বেশি। উত্তরবঙ্গে জেলাগুলিতে সকালের দিকে কয়েকদিন বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি কুয়াশা থাকার সম্ভাবনা রয়েছে। এদিকে, দক্ষিণ বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপটি পশ্চিম দক্ষিণ পশ্চিমে শ্রীলংকার দিকে অগ্রসর হচ্ছে। যার কোনো প্রভাব এ রাজ্যে পড়ার সম্ভাবনা নেই।

----------------- -----------------